# বিএনপির স্থায়ী কমিটিতে যুক্ত হলেন চার নেতা



ছবি: সংগৃহীত

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) জাতীয় স্থায়ী কমিটিতে চার নেতাকে সদস্য হিসেবে মনোনীত করা হয়েছে। দলীয় সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করা এবং সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

বিএনপির সহদপ্তর সম্পাদক মুহম্মদ মুনির হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

দলের এক বার্তায় জানানো হয়, অ্যাডভোকেট রুহুল কবির রিজভী আহমেদ, মো. আমান উল্লাহ আমান, ফরহাদ হালিম ও মো. ইসমাইল জবিউল্লাহকে জাতীয় স্থায়ী কমিটির সদস্য করা হয়েছে।

বিএনপি আশা করছে, অভিজ্ঞতা, মেধা ও রাজনৈতিক বিচক্ষণতা কাজে লাগিয়ে নতুন সদস্যরা দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরামে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন। একই সঙ্গে দল ও জনগণের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে কার্যকর পরামর্শ ও সিদ্ধান্ত গ্রহণে তারা অবদান রাখবেন বলে প্রত্যাশা করেছে দলটি।

LENS ASIA